দৈনিক সংবাদ

তারিখ ... ... NOV. 02.1999.
পৃষ্ঠা ... কলাম ...

# রাজধানীতে ১০টি সরকারি মডেল হাই স্কুল হচ্ছে

॥ রাশেদ আহমেদ ॥

রাজধানী ঢাকায় ১০টি সরকারি মডেল হাইস্কুল নির্মাণ করা হচ্ছে। চলতি বছরের ডিসেম্বর থেকে ২০০৩ সালের ডিসেম্বরের মধ্যে এ স্কুলগুলো নির্মিত হবে।

ঢাকা মেট্রোপলিটন শহরে জাতীয় সংসদের প্রত্যেক আসনে ১টি করে ৮টি এবং জনবহুল এলাকায় আরো অতিরিক্ত দুটি মোট ১০টি স্কুল নির্মাণ করা হবে। এ স্কুল নির্মাণে ৫৩ কোটি ৭৬ লাখ ৬০ হাজার টাকার একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সম্পূর্ণ সরকারি অর্থে এ নির্মাণ কাজ হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্কুলগুলো স্থাপনের ঘোষণা দেবেন শিগগিরই। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানিয়েছে, ঢাকা শহরে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রী ভর্তি সমস্যা নিরসনে এ

মডেল ঃ পৃঃ ১১ কঃ ৫

## মডেল ঃ হাই স্কুল হচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

পদক্ষেপ নেয়া হয়েছে। মন্ত্রণালয় সূত্র জানায়, শহরে বর্তমানে ছাত্র সংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান অনেক কম। তাই বছরের শুরুতে ভর্তি সমস্যা প্রকট থাকে। সরকার এ সমস্যা সমাধানে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য এ স্কুল নির্মাণের পদক্ষেপ নিয়েছে।

এ পরিকল্পনা বাস্তবায়ন নিয়ে গতকাল সোমবার শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন আহমেদের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র জানায়, স্কুলগুলো নির্মাণের জায়গা এখনো নির্ধারণ করা হয়নি। তবে আশপাশে কোন প্রতিষ্ঠিত বা সরকারি স্কুল নেই এমন জায়গা বাছাই করে এ স্কুল নির্মাণ করা হবে।

রাজধানীতে বর্তমানে ২৪টি সরকারি হাইস্কুল রয়েছে। এতে ২২ হাজার ৫শ' ১১ জন ছাত্রছাত্রী লেখাপড়া করতে পারে। বেসরকারি হাইস্কুলের সংখ্যা ২শ' ৯৯টি। এতে ২ লাখ ৫০ হাজার ছাত্রছাত্রীর লেখাপড়ার সুযোগ রয়েছে; কিন্তু ৯০ লাখ লোক অধ্যুষিত ঢাকা শহরে ছাত্রছাত্রীর পরিমাণ আরো অনেক বেশি। সূত্র জানায়, রাজধানীতে প্রাইমারি পর্যায়ের ছাত্রছাত্রীদের লেখাপড়ায় তেমন একটা অসুবিধা হয় না; কারণ সরকারি ও বেসরকারি প্রাইমারি স্কুলের পাশাপাশি অনেক কিন্ডারগার্টেন গড়ে উঠে এ সমস্যার সমাধান করেছে। ষষ্ঠ থেকে নবম শ্রেণীর ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে বেশি অসুবিধা হয়। সরকারি এক পরিসংখ্যানে দেখা গেছে, ঢাকা মেট্রোপলিটন শহরের শুধু ষষ্ঠ শ্রেণীতেই বছরে ৬৩ হাজার ৭শ' ৫৭ জন ছাত্রছাত্রী ভর্তি হয়। এর মধ্যে ৩০ হাজার ৯৩ জন বালক এবং ৩৩ হাজার ৬শ' ৬৪ জন বালিকা। এ ভর্তি নিয়ে প্রতিবছরই রীতিমতো এক যুদ্ধক্ষেত্র হয়।

শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন আহমেদ গতকাল 'সংবাদ'কে বলেন, রাজধানীতে ১০টি সরকারি হাইস্কুল প্রতিষ্ঠার পরিকল্পনা নেয়া হয়েছে। খুব শিগগিরই হয়ত এর ঘোষণা আসতে পারে। এ স্কুলগুলো হলে রাজধানীর ভর্তি সমস্যা অনেকটা সমাধান হবে।